# তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন

## পঞ্চম শ্রেণি

### বিষয় : আমাদের পরিবেশ

**পূর্ণমান : ৫০** | **সেট-১** | **সময় : ১.৩০ ঘণ্টা**

---

**১। সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১ × ১০ = ১০**

**১.১** হৃৎপিণ্ডের শব্দ যে-যন্ত্রে বোঝা যায় তা হল—

(ক) থার্মোমিটার (খ) ব্যারোমিটার
(গ) ফ্যাদোমিটার (ঘ) স্টেথোস্কোপ

**১.২** পরিবেশবান্ধব পরিবহন হল—

(ক) রেসগাড়ি (খ) মোটরসাইকেল
(গ) বাস (ঘ) সাইকেল

**১.৩** জলঢাকা জলবিদ্যুৎ কেন্দ্রটি যে-নদীর জলপ্রপাতের শক্তিতে চলে তা হল—

(ক) জলঢাকা নদী (খ) মহানন্দা
(গ) গোদাবরী (ঘ) জলঢাকা

**১.৪** হাওড়া থেকে হুগলি পর্যন্ত ট্রেন চালু হয়—

(ক) ১৮৫৪ সালে (খ) ১৮৫১ সালে
(গ) ১৮৫৫ সালে (ঘ) ১৮৫৩ সালে

**১.৫** কলকাতায় ট্রাম আসে—

(ক) ১৮d১ সালে (খ) ১৯০০ সালে
(গ) ১৮৭৩ সালে (ঘ) ১৮০৫ সালে

**১.৬** 'পথের পাঁচালী' সিনেমাটি বানিয়েছিলেন—

(ক) তরুণ বন্দ্যোপাধ্যায় (খ) সত্যজিৎ রায়
(গ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (ঘ) ঋত্বিক ঘটক

**১.৭** বিশ্ব বয়োজ্যেষ্ঠ দিবস পালন করা হয়—

(ক) ১ অক্টোবর (খ) ১৫ জুন
(গ) ১ মে (ঘ) ১৫ জুলাই

**১.৮** কাগজ প্রথম তৈরি হয়—

(ক) চীনে (খ) ভারতে
(গ) পাকিস্তানে (ঘ) নেপালে

**১.৯** বৃহস্পতি গ্রহের ওপর একটি ধূমকেতু পড়েছিল—

(ক) ১৯৯৪ সালে (খ) ১৯৯৩ সালে
(গ) ১৯৯০ সালে (ঘ) ১৯৯২ সালে

**(ঝ)** পশ্চিমবঙ্গের কোথায় কয়লাখনি আছে?

**(ঞ)** কয়লার ধোঁয়ায় কী গ্যাস উৎপন্ন হয়?

**(ট)** রেলইঞ্জিন তৈরির কারখানা কোথায় আছে?

**(ঠ)** একটি অপ্রচলিত শক্তির উৎসের নাম লেখো।

**(ড)** গৌণ জোয়ারের কত সময় পর মুখ্য জোয়ার হয়?

**(ঢ)** 'পথের পাঁচালী' উপন্যাসটির রচয়িতা কে?

**(ণ)** সূর্যের পৃথিবীকে একবার ঘুরতে কত সময় লাগে?

**(ত)** জেব্রা ক্রসিং কী?

**(থ)** চারটি প্রাকৃতিক দুর্যোগের নাম লেখো।

**৩। শূন্যস্থান পূরণ করো : ১ × ১০ = ১০**

**(ক)** কয়লায় উপাদানটি হল ____________ ।

**(খ)** ____________ পুড়িয়ে তাপবিদ্যুৎ উৎপন্ন হয়।

**(গ)** মুখ্য জোয়ারের মূল কারণ ____________ আকর্ষণ।

**(ঘ)** কয়লা, পেট্রোলিয়াম দুটিকেই বলে ____________ ।

**(ঙ)** ____________ আমাদের সব শক্তির উৎস।

**(চ)** টেলিস্কোপ তৈরি করেছিলেন ____________ ।

**(ছ)** সূর্যের সবচেয়ে কাছের নক্ষত্রের নাম ____________ ।

**(জ)** টি-এর পিসির গায়ে থাকে ____________ ছাপ।

**(ঝ)** চাঁদ আছে পৃথিবী থেকে প্রায় ____________ লক্ষ কিলোমিটার দূরে।

**(ঞ)** মেয়েদের বিয়ের বয়স ____________ বছর।

**৪। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২ × ৫ = ১০**

**(ক)** সামাজিক বনসৃজন কেন প্রয়োজন?

**(খ)** কয়লাখনির মধ্যে আলো কম হয় কেন?

**(গ)** জলচর কাকে বলে?

**(ঘ)** ধূমকেতু কী?

HAZARNOTES.COM

**১.১০** 'শুম্যাকার লেভি' নামের ধূমকেতু যে-গ্রহের ওপর আছড়ে পড়েছিল তা হল—

(ক) বুধ (খ) পৃথিবী
(গ) বৃহস্পতি (ঘ) শনি

**২। নিচের প্রশ্নগুলির অল্প কথায় উত্তর দাও : ১ × ১৫ = ১৫**

**(ক)** আমাদের দেশে কবে প্রথম যাত্রীবাহী ট্রেন চলে?

**(খ)** পশ্চিমবঙ্গের প্রধান খনিজ সম্পদ কী?

**(গ)** ধোঁয়াতে কোন্ বিষাক্ত গ্যাস থাকে?

**(ঘ)** পালসি কী?

**(ঙ)** প্যাপিরাস কী?

**(চ)** পৃথিবীর নিজস্ব ঘোরার পথকে কী বলে?

**(ছ)** কোন তিথিতে মরা কোটাল হয়?

**(জ)** সুনামি কী?

**৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫**

**(ক)** কয়লা কীভাবে সৃষ্টি হয়? এর থেকে কী কী উপজাত দ্রব্য পাওয়া যায়? ৩+২

**(খ)** সূর্যগ্রহণের একটি চিত্র আঁকো। জল চক্র কাকে বলে? ৩+২

HAZARNOTES.COM

# তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন

## পঞ্চম শ্রেণি

বিষয় : আমাদের পরিবেশ

**পূর্ণমান : ৫০** **সময় : ১.৩০ ঘণ্টা**

**সেট-২**

**১। সঠিক উত্তর নির্বাচন করো : ১ × ৬ = ৬**

(ক) পশ্চিমবঙ্গের প্রধান খনিজ সম্পদ হল— (কয়লা / খনিজ তেল / লোহা)।

(খ) গাছের পাতা আমাদের (অক্সিজেন / কার্বনডাই অক্সাইড / নাইট্রোজেন) সরবরাহ করে।

(গ) ধূমকেতু দেখতে লাগে অনেকটা (বাঁশি / বল / ঝাঁটার) মতো।

(ঘ) ভূমিকম্পপ্রবণ এলাকায় বাড়িঘর (ইঁট / কাঠ / মাটি) দিয়ে তৈরি করা হয়।

(ঙ) তেলের প্যাকেটের গায়ে অ্যাগমার্কা থাকার অর্থ— (তেল বেশি / ভেজাল তেল / বিশুদ্ধ তেল)।

(চ) একটি অপ্রচলিত শক্তি হল— (কয়লা / জলবিদ্যুৎশক্তি / সৌরশক্তি)।

**২। একটি বাক্যে উত্তর দাও : ১ × ৫ = ৫**

(ক) একটি পরিবেশবান্ধব যানবাহনের নাম লেখো।

(খ) পশ্চিমবঙ্গের কোন জেলায় আয়লা ঝড়ে মারাত্মক ক্ষতি হয়?

(গ) ক্রয় করা পণ্যের রসিদে কী কী থাকা দরকার?

(ঘ) কোন্ অতিকায় প্রাণী পৃথিবী থেকে বিলুপ্ত হয়ে গেছে?

(ঙ) প্রায় ৪০০ বছর আগে টেলিস্কোপ কে তৈরি করেন?

**৩। শূন্যস্থান পূরণ করো : ১ × ৪ = ৪**

(ক) আগ্নেয়গিরি থেকে গরম .................. বাইরে বেরিয়ে আসে।

(খ) সূর্যের জন্ম হয়েছে প্রায় .................. বছর আগে।

(গ) .................. বছর বয়স পর্যন্ত লেখাপড়া করা তোমার আইনত অধিকার।

(ঘ) ভুটানের কাছে ঝালং জলবিদ্যুৎ কেন্দ্রটি .................. নদীর উপর তৈরি হয়েছে।

**৪। বেমানান শব্দটি খুঁজে বার করো : ১ × ৩ = ৩**

(ক) সাইকেল, মোটর সাইকেল, বাস, অটোরিক্সা।

HAZARNOTES.COM

(খ) সুনামি, আয়লা, ভূমিকম্প, জোয়ার ভাটা।

(গ) পৃথিবী, চাঁদ, বুধ, মঙ্গল।

**৫। সঠিক বাক্যের পাশে 'সত্য' এবং ভুল বাক্যের পাশে 'মিথ্যা' লেখো : ১ × ৩ = ৩**

(ক) কিছু মানুষ গন্ডার মারে তার খড়্গের জন্য।

(খ) সূর্য পৃথিবীর চারিদিকে ঘোরে।

(গ) সেকালের মানুষ যাতায়াতের জন্য গাধার পিঠে চড়ত।

**৬। দুই-তিনটি বাক্যে উত্তর দাও — (যেকোনো ৭টি) : ২ × ৭ = ১৪**

(ক) জঙ্গল কেটে বসতি স্থাপন করলে ভবিষ্যতে কী কী সমস্যা হতে পারে?

(খ) আবহাওয়ার পূর্বাভাস আমরা কী কী উপায়ে জানতে পারি?

(গ) বিভিন্ন যানবাহনের মাধ্যমে স্থানীয় পরিবেশ কীভাবে দূষিত হয়?

(ঘ) সৌর শক্তিকে আমরা কীভাবে প্রতিদিনের জীবনে কাজে লাগাতে পারি?

(ঙ) অ্যাসিড বৃষ্টির ক্ষতিকর প্রভাব লেখো।

(চ) সমাজে বয়স্করা অসম্মানের সম্মুখীন হন, এমন দুটি কারণ লেখো।

(ছ) শহরের রাস্তায় যানবাহন কারা নিয়ন্ত্রণ করেন? গাড়ি কখন আস্তে চালানো উচিত?

(জ) 'পথের পাঁচালী' সিনেমাটি কে বানিয়েছেন? এই সিনেমার দুটি চরিত্রের নাম লেখো।

**৭। পাঁচ-ছয়টি বাক্যে উত্তর দাও — (যেকোনো ৫টি) : ৩ × ৫ = ১৫**

(ক) বন থেকে আমরা কী কী পাই?

(খ) চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণের পার্থক্য লেখো।

(গ) হড়পা বান কী? ভূমিকম্পের সময় আমাদের কী কী সাবধানতা অবলম্বন করা উচিত?

(ঘ) পশ্চিমবঙ্গের দুটি কয়লা খনির নাম লেখো। কয়লার ধোঁয়া থেকে আমাদের কী কী ক্ষতি হয়?

(ঙ) কত বছর বয়সের নিচে মেয়েদের বিবাহ দেওয়া আইনত অপরাধ? বাল্য বিবাহের কোনো ঘটনা জানতে পারলে তুমি কী করবে?

(চ) 'স্বাস্থ্যই আমাদের সম্পদ'। তাই শরীরকে সুস্থ রাখতে আমাদের নিয়মিত কী কী করা উচিত?

(ছ) শিশুদের কয়েকটি মৌলিক অধিকারের কথা উল্লেখ করো।

HAZARNOTES.COM

# তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন

**পঞ্চম শ্রেণি**

**বিষয় : আমাদের পরিবেশ**

**পূর্ণমান : ৫০** **সময় : ১.৩০ ঘণ্টা**

**সেট-৩**

**১। সঠিক উত্তরটি নির্বাচন করো : ১×১০=১০**

(ক) পৃথিবীর চারদিকে চাঁদের একবার ঘুরতে সময় লাগে— (একমাস / ২৯ দিন / সাড়ে ২৭ দিন)।

(খ) আয়লা ঝড় হয়েছিল— (২০০৯ সালে / ২০০৫ সালে / ২০০৭ সালে)।

(গ) পৃথিবীর সমস্ত শক্তির উৎস— (চন্দ্র / সূর্য / বায়ু)।

(ঘ) কলকাতায় প্রথম রিকশা চালু হয়— (১৮৫৪ সালে / ১৯০০ সালে / ১৯১৪ সালে)।

(ঙ) এখন দেশে বাঘের সংখ্যা— (চল্লিশ হাজার / কুড়ি হাজার / দু-হাজার)।

(চ) সূর্যগ্রহণের সময় মাঝখানে অবস্থান করে— (সূর্য / পৃথিবী / চাঁদ)।

(ছ) কাগজের ইংরেজি নাম 'পেপার' এসেছে— (পাপিলি / পুথি / প্যাপিরাস) থেকে।

(জ) পানসি হল একপ্রকার— (রিকশা / ডিঙি / পাখি)।

(ঝ) পরিবেশবান্ধব হল— (সাইকেল / বাস / মোটর সাইকেল)।

(ঞ) চন্দ্রগ্রহণ হয়— (অমাবস্যা তিথিতে / একাদশী তিথিতে / পূর্ণিমা তিথিতে)।

**২। শূন্যস্থান পূরণ করো : ১×৪=৪**

(ক) ধূমকেতু দেখতে অনেকটা __________ মতো।

(খ) ভুটানের কাছে __________-এ জলবিদ্যুৎ কেন্দ্র আছে।

(গ) কয়লার অনেকটা অংশই হল __________।

(ঘ) হুইয়া পাখির __________ ছিল সুন্দর।

**৩। নিচের বাক্যগুলির 'সত্য' অথবা 'মিথ্যা' নির্দেশ করো : ১×৪=৪**

(ক) পৃথিবীর চারপাশে চাঁদ ঘুরছে।

(খ) আসানসোল রানিগঞ্জে লোহার খনি দেখা যায়।

(গ) শাকালু একটি লতানো গাছ।

(ঘ) সূর্যগ্রহণ অমাবস্যা তিথিতে হয়।

**৪। বামদিকের সঙ্গে ডানদিক মিলিয়ে লেখো : ১×৪=৪**

| | |
|---|---|
| (ক) সুনামি | — (১) ধূমকেতু |
| (খ) শুমেকার-লেভি | — (২) টেলিস্কোপ |
| (গ) ট্রাম | — (৩) একপ্রকার সামুদ্রিক জলোচ্ছ্বাস |
| (ঘ) গ্যালিলিও গ্যালিলি | — (৪) বিদ্যুৎশক্তি |

**৫। নিচের প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর লেখো : ১×৮=৮**

(ক) 'বনে থাকে বাঘ' কে লিখেছেন?

(খ) একটি জীবাশ্ম জ্বালানির নাম লেখো।

(গ) পূর্ণগ্রাস সূর্যগ্রহণ কখন দেখা যায়?

(ঘ) পৃথিবী থেকে চাঁদের দূরত্ব কত?

(ঙ) ধোঁয়াতে কোন্ বিষাক্ত গ্যাস থাকে?

(চ) এদেশে যাত্রী নিয়ে প্রথম ট্রেন চলে কত সালে?

(ছ) কোন্ অতিকায় প্রাণী পৃথিবী থেকে বিলুপ্ত হয়ে গেছে?

(জ) হড়পা বান কী?

**৬। নিচের প্রশ্নগুলির উত্তর লেখো : ২×১০=২০**

(ক) কয়লা কীভাবে তৈরি হয়?

(খ) বন থেকে আমরা কী কী পাই?

(গ) ভূমিকম্পপ্রবণ অঞ্চলে কাঠের বাড়ি দেখা যায় কেন?

(ঘ) আগেকার দিনে স্টিম ইঞ্জিন চালিত ট্রেন কীভাবে চলত?

(ঙ) জলবিদ্যুৎ কীভাবে তৈরি হয়?

(চ) 'পথের পাঁচালী' সিনেমাটা কে বানিয়েছেন? এই সিনেমায় দুই ভাইবোনের নাম কী?

(ছ) জোয়ার ও ভাটা কাকে বলে?

(জ) মানুষ গণ্ডার ও হাতি মারে কেন?

(ঝ) কয়লাখনি অঞ্চল কত বর্গকিলোমিটার জুড়ে আছে? একটি জেলার নাম লেখো যেখানে কয়লাখনি অঞ্চল আছে?

(ঞ) খালি চোখে সূর্যগ্রহণ দেখা উচিত নয় কেন?

HAZARNOTES.COM

# তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন

**পঞ্চম শ্রেণি**

**বিষয় : আমাদের পরিবেশ**

**পূর্ণমান : ৫০** **সময় : ১.৩০ ঘণ্টা**

**সেট-৪**

**১। একটি বাক্যে উত্তর দাও — যে-কোনো ৮টি : ১×৮=৮**

১.১ তরাই অঞ্চলের একটি নদীর নাম লেখো।

১.২ একটি লুপ্তপ্রায় মাছের নাম লেখো।

১.৩ পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কয়লাখনি আছে?

১.৪ ভুটানের কাছে কোন্ জায়গায় জলবিদ্যুৎ কেন্দ্র আছে?

১.৫ DVC কথাটির পুরো নাম লেখো।

১.৬ একটি অপ্রচলিত শক্তির উৎস-এর উদাহরণ দাও।

১.৭ গৌণ জোয়ারের ঠিক কতক্ষণ পর মুখ্য জোয়ার হয়?

১.৮ বৃহস্পতি গ্রহের ওপর যে ধূমকেতু পড়েছিল তার নাম কী?

১.৯ ঝাল কী?

**২। শূন্যস্থান পূরণ করো : ১×৫=৫**

২.১ ধান ঝাড়ার আধুনিক যন্ত্রটির নাম __________।

২.২ __________ তিথিতে চন্দ্রগ্রহণ হয়।

২.৩ __________ সালে কলকাতায় প্রথম রিকশা আসে।

২.৪ বিশ্ব বয়স্ক দিবস __________ তারিখে হয়।

২.৫ আমাদের দেশে __________ সালে প্রথম ট্রেন চলাচল শুরু হয়।

**৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ২×১০=২০**

৩.১ ভূমিকম্পের কারণ কী?

৩.২ শিশুদের দুটি অধিকার লেখো।

৩.৩ জোয়ারভাটা কেন হয়?

৩.৪ পরিবেশ দূষণ কাকে বলে?

৩.৫ রাসায়নিক সারের ক্ষতিকর প্রভাব কী?

৩.৬ পথের পাঁচালী কার লেখা? সিনেমাটি কে বানিয়েছিলেন?

৩.৭ NPK বলতে কী বোঝো?

৩.৮ সূর্য ছাড়া পৃথিবীর কাছের নক্ষত্রের নাম কী? সেখান থেকে পৃথিবীতে আলো আসতে কত সময় লাগে?

৩.৯ আবহাওয়ার উপাদানগুলির নাম লেখো।

৩.১০ "সূর্যই সকল শক্তির উৎস" বলতে কী বোঝো?

**৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৩×৩=৯**

৪.১ চন্দ্রগ্রহণের একটি পরিষ্কার চিত্র অঙ্কন করো।

৪.২ অ্যাসিড বৃষ্টি কাকে বলে? এর দুটি ক্ষতিকর প্রভাব লেখো।

৪.৩ জলচক্রের চিত্র আঁকো।

**৫। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৪×২=৮**

৫.১ পেট্রোলিয়াম কীভাবে তৈরি হয়?

৫.২ সামাজিক সুস্থ পরিবেশ কীভাবে গড়ে ওঠা সম্ভব?

৫.৩ সুন্দরবন অঞ্চলের কয়েকটি সমস্যা লেখো।

HAZARNOTES.COM